



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.৫২

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে মে-জুন/২০২৪ মাসে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে চূড়ান্তকরণের জন্য বাছাই কমিটির সভা আহ্বান।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক দুর্ঘটনায় গুরুতর আহত যষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে মে-জুন/২০২৪ মাসে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে চূড়ান্তকরণের জন্য সংশ্লিষ্ট বাছাই কমিটির এক সভা ২৮ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ বুধবার সকাল ১০:০০ টায় কমিটির সভাপতি ও ট্রাস্টের পরিচালক (অতিরিক্ত সচিব) -এঁর সভাপতিত্বে ট্রাস্টের সভা কক্ষে (২য় তলা, কক্ষ নং-২১৫) অনুষ্ঠিত হবে।

২. এককালীন চিকিৎসা অনুদান প্রদান সংক্রান্ত বাছাই কমিটির উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

আলোচ্য সূচি:

ক. মে-জুন/২০২৪ মাসে চিকিৎসা অনুদান প্রদানে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই; এবং
খ. বিবিধ।

২৫-০৮-২০২৪

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

০২-৫৫০০০৪২৮

ad.stipend@pmeat.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, প্রশাসন ও সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
- ২। সংযুক্ত কর্মকর্তা (বৃত্তি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
- ৩। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৪। উপ-পরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর;
- ৫। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিকি, ঢাকা;
- ৬। উপপরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৭। সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৮। সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সদয় অবগতি ও ১২ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (প্রয়োজনীয় আইটি সহায়তা ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১০। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক-এঁর সদয় অবগতির জন) এবং
- ১১। ব্যক্তিগত সহকারী, পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (পরিচালক-এঁর সদয় অবগতির জন)।

